

পিরোজপুরে পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) কর্মচারীদের চাকুরি স্থায়ীকরণ, কর্মকর্তা কর্মচারীদের পদোন্নতি ও নিয়োগ পরীক্ষা বাতিলের দাবিতে বিক্ষোভ কর্মসূচি পালন করা হয়েছে। বুধবার সকালে পিরোজপুর পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) কার্যালয়ের সামনে এ বিক্ষোভ কর্মসূচি পালন করা হয়।

বিক্ষোভ কর্মসূচিতে পিরোজপুরে কর্মরত কর্মকর্তা কর্মচারীরা চাকুরী স্থায়ীকরণ, পদোন্নতি ও নিয়োগ পরীক্ষা বাতিলের দাবি সহ বিভিন্ন দাবি-দাওয়া তুলে ধরেন।

এ সময় বক্তব্য রাখেন পিরোজপুর সদর অফিসের সিনিয়র ফিল্ড অফিসার মোঃ সুমন হোসেন, সোলার অফিসার কবি আল আমিন, পিরোজপুর সদর কার্যালয়ের সেলফ অফিসার মহিবুল্লাহ সহ কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

প্রধান বক্তা সিনিয়র ফিল্ড অফিসার মোঃ সুমন হোসেন বলেন, প্রতিষ্ঠানে ৭৪৭ জন অস্থায়ী কর্মী রয়েছে, সকল অস্থায়ী কর্মীকে আগামী এক সপ্তাহের ভিতর স্থায়ী করতে হবে এবং প্রতিষ্ঠানের যে সকল কর্মকর্তা কর্মচারীরা প্রমোশন বঞ্চিত রয়েছে তাদের প্রমোশন বাস্তবায়ন করতে হবে। এই দুটি কাজ বাস্তবায়ন না করা পর্যন্ত কোন নিয়োগ পরীক্ষা বাস্তবায়ন করতে দেওয়া হবে না। এই বিক্ষোভ কর্মসূচিতে আরও সিদ্ধান্ত নেয়া হল, বি-২০৭৯ এর নেতৃত্বে কঠোর কর্মসূচি হবে।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:19

URL: <https://www.timestodaybd.com/barishal/1340742175>